

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০২০.০৯.০১.০০১.২০১৪(অং-১)- ১২৭৫

তারিখঃ ১২/১১/২০১৭


বিষয় : ২০১৫-১৬ অর্থ বছরে তামাদিকৃত অর্থ পুনঃ বরাদ্দ, বাস্তবায়িত প্রকল্পসমূহের অপরিশোধিত পাওনা
২০১৬-১৭ অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিল হতে পরিশোধ প্রসঙ্গে।

সূত্র : (১) ভারপ্রাপ্ত চেয়ারম্যানের স্মারক নং-৪১ ও ৪২ ; তারিখ : ০৭/০৩/২০১৭

(২) জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর স্মারক নং-৪৩৫; তারিখ : ২৪/০৮/২০১৭

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ অনুযায়ী ২০১৫-১৬ অর্থ বছরে গৃহিত প্রকল্পসমূহের অনুমোদন/বিল প্রদানের অনুমতি এ বিভাগ কর্তৃক বিবেচিত হয়নি। তবে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থে প্রকল্প গ্রহণ ও এ তহবিলের অর্থ ব্যয় করার নির্দেশনা প্রদান করা হলো।

উল্লেখ্য যে, ২০১৫-১৬ অর্থ বছরে তামাদিকৃত ৫৩,১১,০০০/- (তিপ্পান্ন লক্ষ এগার হাজার) টাকা পুনঃ বরাদ্দের সুযোগ নেই।


(মোহাম্মদ জাহিরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭৭২৩০
e-mail : lgd.upazila2@gmail.com

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ
চাঁপাইনবাবগঞ্জ সদর।

২। উপজেলা নির্বাহী অফিসার
চাঁপাইনবাবগঞ্জ সদর।

অনুলিপি :

১. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।

২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।